সোনালী ব্যাংক পিএলসি
স্থানীয় কার্যালয়, ঢাকা।
শিল্প প্রকল্প অর্থায়ন ডিপার্টমেন্ট

# অর্থঋণ আদালত আইন এর ৩৩(৫) ধারা মোতাবেক সনদপ্রাপ্ত বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, ঢাকা এর খেলাপী ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান ১) ফেয়ার নিটিং লিমিটেড পক্ষে- ব্যবস্থাপনা পরিচালক, জনাব রজ্জব হোসেন হাশেমী, অফিস ঠিকানা- ৩/৬, আসাদ এভিনিউ (৪র্থ তলা), মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, যার প্রকল্প ঠিকানাঃ কারখানা: ১৫, আড়াপাড়া, সুতার নোয়াদ্দা (কামাল গার্মেন্টস সংলগ্ন), সাভার পৌরসভা, ঢাকা। **২) জনাব রজ্জব হোসেন হাশেমী,** পিতা- মোঃ আবুল হাশেম, মাতা- মিসেস খোদেজা হোসেন হাশেমী, ব্যবস্থাপনা পরিচালক - ফেয়ার নিটিং লিমিটেড, ঠিকানা- বাড়ী- ০৫, রোড- ৩৩, সেক্টর- ০৭, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০, **৩) ডাঃ আয়েশা হোসেন হাশেমী,** পিতা – ডাঃ মোস্তাফিজুর রহমান চৌধুরী, মাতা- মিসেস নুর হামিদা চৌধুরী, স্বামী- জনাব রজ্জব হোসেন হাশেমী, ঠিকানা- বাড়ী- ০৫, রোড- ৩৩, সেক্টর- ০৭, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০, **৪) ডাঃ মোস্তাফিজুর রহমান চৌধুরী,** পিতা – মৃত হাজী নাজির আহমেদ চৌধুরী, ঠিকানা- বাড়ী- ১২, রোড- ২৩, সেক্টর- ০৭, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০ এর ২৩/০৩/২০২৪ তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা =৬৩,৪০,৫৯,৬৯৮/- (তেষট্টি কোটি চল্লিশ লক্ষ উনষাট হাজার ছয়শত আটানব্বই) টাকা মাত্র এবং আদায়কালতক সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ), হাইপোঃ মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে) স্থাপিত/স্থাপিতব্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হবে। নিলাম আগ্রহী ক্রেতাগণের নিকট হতে নিম্নবর্নিত শর্তাবলীতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছেঃ

বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ

জিলা- ঢাকা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- সাভার, মৌজা- সুতার নোয়াদ্দা (স্থানীয় নামে আড়াপাড়া), জেএল নং- ১৭৪, খতিয়ান নং- সিএস- ১২, ১৪, ১৫, এস এ- ৫, ৭, ৮, ১০, আরএস- ৩৭, ৪৫, ৫৫, ৬৬, দাগ নং- সিএস ও এসএ- ২, ৩, ৪, ৫, এবং আরএস- ৭১, ৭২, ৭৩, ৭৪, খারিজা খতিয়ান ৮,৫,৭/কাত, এ জমির পরিমান ৫১.০০ শতাংশ (একান্ন শতাংশ) জমি ও তদোস্থিত নির্মিত/নির্মিতব্য ইমারত এবং স্থাপিত/স্থাপিতব্য যন্ত্রপাতি, কলকজা ও যন্ত্রাংশ, প্রাথমিক মজুদ মালামাল, স্টোরস এন্ড স্পোয়ার্স ইত্যাদি বন্ধকীকৃত। চৌহদ্দি- উত্তরে- আবুল হোসেন, দক্ষিনে- কোহিনুর, পূর্বে- বাদশা আলী, পশ্চিমে- সৈয়দ মোঃ শামসুল কাওনাইন। মালিক- ফেয়ার নিটিং লিমিটেড এর পক্ষে রজ্জব হোসেন হাশেমী।

শর্ত সমূহ ঃ

০১) আগামী ৩০/০৪/২০২৪ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমূদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| | আর্নেষ্ট মানি/জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমূদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/ মালামাল সংক্রান্ত সরকারী কর/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/ পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ডেপুটি জেনারেল ম্যানেজার
টিএন্ডটি-০২-২২৩৩৮৫৭১৬